United Nations Human Rights Office Fact-Finding Report

জাতিসংঘ প্রতিবেদনে জুলাই অভ্যুত্থান

মানবাধিকার সংকট ও সমাধান

United Nations Human Rights Office Fact-Finding Report

জাতিসংঘ প্রতিবেদনে জুলাই অভ্যুত্থান

মানবাধিকার সংকট ও সমাধান

অনুবাদ

ডা. আবু বকর সিদ্দীক

এমবিবিএস, ময়মনসিংহ মেডিকেল কলেজ

সম্পাদনা

রাকিবুল হাসান

গ্র্যাজুয়েট, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

ভূমিকা

শরিফ ওসমান হাদি

মুখপাত্র, ইনকিলাব মঞ্চ

উৎসর্গ—

রোহিঙ্গা **শহীদ নূর মোস্তফা**—জীবন বিলিয়ে দিয়েও যার কোনো স্বীকৃতি মেলেনি।

বিহারি **শহীদ মোঃ রনি**—জীবন উৎসর্গ করেও যিনি ইতিহাসে স্থান পাননি।

শহীদ আশিকুর রহমান হৃদয়—চিকিৎসার অভাবে যিনি ধুঁকে ধুঁকে মৃত্যুর কোলে ঢলে পড়েছেন।

শহীদ ইমরান হোসেন—ক্ষমতাসীনদের ভয়ে চিকিৎসার বদলে যিনি মৃত্যুকেই বেছে নিয়েছেন।

বেওয়ারিশ হিসেবে দাফন হওয়া কিংবা লাশ গুম হওয়া জুলাই শহীদসহ জানা-অজানা সকল জুলাই শহীদ এবং জুলাই যোদ্ধাদের প্রতি ...

বিশেষ কৃতজ্ঞতা তাদের প্রতি—যারা জুলাইকে রক্ষায় এখনো জান বাজি রেখে চলেছেন।

Executive Summary

At the invitation of the Interim Government of Bangladesh, OHCHR conducted an independent fact-finding inquiry into alleged human rights violations and abuses that occurred between 1 July and 15 August 2024, in the context of the widespread protests roiling the country, and in their immediate aftermath. Based on a thorough and independent assessment of all the information collected, OHCHR finds that there are reasonable grounds to believe that the former Government and its security and intelligence apparatus, together with violent elements associated with the Awami League, systematically engaged in serious human rights violations, including hundreds of extrajudicial killings, other use of force violations involving serious injuries to thousands of protesters, extensive arbitrary arrest and detention, and torture and other forms of ill-treatment. OHCHR has reasonable grounds to believe that these violations were carried out with the knowledge, coordination and direction of the political leadership and senior security sector officials, in pursuance of a strategy to suppress the protests and related expressions of dissent. These serious human rights violations also raise concerns from the perspective of international criminal law, so that additional criminal investigations are warranted to determine the extent to which they may also amount to crimes against humanity and, torture (as a stand-alone international crime), as well as serious crimes under domestic law.

The decision of the High Court on 5 June 2024 to reinstate a quota reserving 30 percent of public service jobs to the descendants of independence war fighters was the immediate trigger of these protests. But there was a deeper set of grievances among various sectors of the population, rooted in destructive and corrupt pathologies of politics and governance, which had failed to address, and indeed exacerbated, deepening economic inequalities and lack of access to enjoyment

of economic, social and cultural rights. Many thousands of Bangladeshis, including women and children, from across diverse socioeconomic, professional and religious backgrounds joined the protests, calling for meaningful social, economic and political reform. In its attempts to stem the growing anger of the public, and to cling on to power, the former Government attempted to suppress systematically the protests, resorting to increasingly violent means.

From mid-July, the former Government and the Awami League mobilized a continuously expanding circle of armed actors. In its initial efforts to suppress the protests, Awami League leaders, including government ministers, incited Chhatra League supporters, who were armed with an array of blunt and sharp weapons and some firearms, to launch attacks on both male and female students exercising their right of peaceful assembly on and around university campuses. Students often defended themselves. In response, the Government resorted to even more serious violence. The Bangladesh Police, operating in close coordination with an array of armed Awami League supporters, violently suppressed peaceful student protests with unnecessary and disproportionate force, including against a major protest held on 17 July at Dhaka University, in contravention of international human rights law.

Following these developments, the student movement issued a call, echoed by the Bangladesh Nationalist Party (BNP) and Jamaat-e-Islami, for general protests and a complete shutdown of Dhaka and other cities. In response, the then Government further escalated its violence against protestors and protest organisers, leading to violations of the rights to life, peaceful assembly, and liberty and security of the person. While Rapid Action Battalion (RAB) and Police helicopters sought to intimidate protesters from the air, Police, RAB and Border Guard Bangladesh (BGB) on the ground deployed a combination of military rifles and shotguns loaded with lethal metal pellets, as well as less-lethal weapons against protesters. Some of those protesters had been trying to obstruct roads and certain installations but had still been conducting themselves peacefully overall. To defend themselves against such attacks, some protesters in turn resorted to throwing bricks and sticks.

In this deteriorating environment and in response to State violence, some elements among the protestors engaged in acts of violence, targeting mostly government buildings, transport infrastructure, and the police. On the evening of 18 July, the Government reinforced orders authorising security forces to resort to lethal force against protestors. From 19 July until the end of the protests, BGB, RAB and Police fired lethal ammunition indiscriminately at protesters in Dhaka and elsewhere, resulting in many extrajudicial killings and injuries, including of journalists covering the protests. In some cases, security forces engaged in summary executions by deliberately shooting unarmed protesters at point blank range.

However, the use of violence against protestors by police and paramilitary forces did not suppress the protests and the growing degree of violent unrest. On 20 July, the former Government imposed a general curfew and deployed the Army. In some instances, Army soldiers shot at protestors who did not present an imminent threat of death or serious injury, resulting in at least one extrajudicial killing. According to some witness accounts, junior officers on the ground increasingly resisted orders to use firearms against civilian protestors, informing the Army Chief during a large meeting held on 3 August that they did not want to shoot at protesters. Despite this, the Army still played an important role in enabling violations by law enforcement officials by providing a physical protective cover to them, which allowed their use of lethal force against protestors without fear of counterattack, including during a brutal clearance of the blockades on the Dhaka-Chittagong Highway where police and RAB shot, killed and injured scores of protesters on 20 and 21 July. In late July, the Army also participated in massive raids, in which Police and RAB arbitrarily arrested large numbers of people to prevent a reignition of mass protests. Testimony by former senior officials also revealed that the Army and BGB took part in developing a government plan to utilise the Army, BGB and Police to stop, including through the use of force, the protesters' March on Dhaka, called for 5 August 2024. Pursuant to that plan, the Police shot and killed many protesters, but the Army and BGB largely stood by and let protesters pass.

The intelligence services – the Directorate-General of Armed Forces Intelligence (DGFI), National Security Intelligence (NSI) and the National Telecommunication

Monitoring Centre (NTMC) – and the specialised branches of the Police – Detective Branch, Special Branch and Counter Terrorism and Transnational Crime unit (CTTC) – engaged directly in perpetrating human rights violations to abet the violent suppression of protests. They shared intelligence, including information obtained through surveillance in violation of the right to privacy, to enable the campaign of mass arbitrary arrest that took place in late July. The Detective Branch routinely resorted to arbitrary detention and torture to extract information and confessions from detainees. The headquarters of the CTTC also served as another location where many of those detained arbitrarily, including children, were held. Detective Branch and DGFI colluded in the abduction and arbitrary detention of student leaders and sought to coerce them to renounce the protests. DGFI, NSI and Detective Branch personnel obstructed lifesaving medical care, frequently interrogating patients in hospitals, arresting injured persons and intimidating medical personnel and staff. Neither prosecutorial authorities nor the judiciary took any meaningful action to curb acts and practices of arbitrary detention and torture, or to ensure that any officials perpetrating such acts were held accountable.

The intelligence services were also part of a systematic and organized effort to conceal serious violations. NTMC worked together with the Bangladesh Telecommunications Regulatory Commission to implement ministerial orders imposing strategically timed and targeted Internet shutdowns to prevent protesters from using electronic communications to organize activities, and to limit public access to and the ability to disseminate information on the extent and scale of ongoing violations through Internet and social media. In parallel, DGFI, NSI and RAB pressured media outlets not to report fully and truthfully about the mass protests and ii their violent suppression. DGFI joined the Police in intimidating victims, their families and lawyers to ensure their silence.

Based on direct testimony from senior officials involved and other inside sources, OHCHR was able to establish that the integrated and systematic effort using the entire range of police, paramilitary, military and intelligence actors, as well

as violent elements linked to the Awami League, to commit serious violations and abuses occurred with the full knowledge, coordination and direction of the political leadership. The then Prime Minister and Home Affairs Minister led parallel efforts to coordinate the security and intelligence apparatus. Both received regular reports on the situation on the ground from multiple sources. According to senior official testimony, reports provided to the Prime Minister by senior officials on 21 July and in early August specifically conveyed concern about excessive use of force. Both political leaders, and the leadership of the Bangladesh Police and the Army, also carried out site visits that would have provided them direct personal knowledge of violations that had taken place or were ongoing. Furthermore, the political leadership issued direct orders and other directives authorising and guiding operations by BGB, RAB, DGFI, the Bangladesh Police and its Detective Branch that involved serious violations of human rights against protestors and other civilians, including extrajudicial killings and arbitrary detention.

In early August 2024, as the former Government was increasingly losing control of the country, crowds engaged in retaliatory killings and other serious revenge violence targeting, in particular, Awami League officials and real or perceived supporters of the Awami League, the police and the media seen as supportive of the Awami League. During and after the protests, members of the Hindu community, Ahmadiyya Muslims and indigenous groups in the Chittagong Hill Tracts, were also subject to violent attacks by mobs, including burning of homes and some attacks on places of worship. 1 Different and often intersecting motives drove these attacks, ranging from religious and ethnic discrimination to perceived opportunities for revenge against Awami League supporters among minorities, local communal disputes, including about land, and interpersonal issues. Some Jamaat-e-Islami and BNP supporters, members and local leaders were also involved in revenge violence and attacks on distinct religious and indigenous groups. However, the information available to OHCHR has not shown that such incidents were orchestrated or organised by these parties' national leaderships, which also took steps to condemn violence targeting minority groups.

Up to 5 August 2024, the former Government did not appear to engage in any genuine efforts to investigate or to ensure accountability for any of the serious violations and abuses committed by the security forces or Awami League supporters.

Following the fall of the previous Government, the current Interim Government has commenced efforts to ensure accountability for serious human rights violations and abuses. Among its steps, it has brought cases against senior officials before Bangladesh's International Crimes Tribunal (ICT), as well as in the regular courts. These efforts have been hampered, to differing degrees, by preexisting structural deficiencies of the law enforcement and justice sectors, established police malpractices such as bringing meritless charges based on mass cases, continued intimidation and evidence tampering by some security officials who face allegations but remain in their positions, as well as other due process concerns related to ICT and regular courts. While the Interim Government has reported to have made 100 arrests in relation to attacks on distinct religious and indigenous groups, many perpetrators of acts of revenge violence and attacks on distinct groups apparently continue to enjoy impunity.

Based on reported deaths compiled by governmental and non-governmental sources, in combination with other available evidence, OHCHR assesses that as many as 1,400 people could have been killed during the protests, the vast majority of whom were killed by military rifles and shotguns loaded with lethal metal pellets commonly used by Bangladesh's security forces. Thousands more suffered severe, often life-altering injuries. More than 11,700 people were arrested and detained, according to information from the Police and RAB provided to OHCHR.

Reported fatality figures indicate that around 12-13 percent of those killed were children. Police and other security forces also subjected children to targeted killings, deliberate maiming, arbitrary arrest, detention in inhumane conditions, torture and other forms of ill-treatment.

Having been at the forefront of the early protests in particular, women and girls were also attacked by security forces and Awami League supporters. They were

specifically subjected to sexual and gender-based violence, including gender-based physical violence, threats of rape and, in some documented cases, sexual assault perpetrated by Awami League supporters. OHCHR also received reports of threats of rape and sexual violence committed as revenge violence. Given social and cultural sensitivities and the significant under-reporting of sexual and gender-based violence in Bangladesh, OHCHR believes that it was not able to document the full extent of sexual violence that was perpetrated and considers that further in-depth investigations are required to ascertain the full scope and impact of such acts and to provide the required support to victims.

Violations were enabled and exacerbated by outdated laws and policies, corrupted governance structures, and erosion of the rule of law, which readily facilitated the use of disproportionate force against protesters, the militarization of policing, the politicization of the security and justice sectors, and institutionalized impunity. The former Government had relied on and expanded an elaborate legal and institutional framework to repress peaceful civic and political dissent. This was also a factor that drove some opponents of the Government towards disruptive and, for some, even violent acts of protest.

The magnitude and seriousness of the violations and abuses that occurred during the period covered by OHCHR's fact-finding, and their entrenched root causes, require both urgent measures and significant longer-term reforms so that similar patterns of serious violations do not re-occur. To this end, OHCHR recommends a range of actions, detailed in this report, which include security and justice sector reforms, repeal of a host of repressive laws and policies, amendments to other laws to bring them into line with international human rights standards, institutional and governance sector reforms, and broader changes to political processes and economic governance to address inequalities, promote inclusiveness, and ensure the respect and protection of the human rights of all of Bangladesh's people.

Equally critical in this regard will be to take effective measures to ensure fair and independent justice and accountability, as well as broader forms of redress

for victims that will promote national healing. As a starting point, OHCHR recommends an inclusive national dialogue and consultation to develop a holistic, inclusive and context-specific transitional justice process that embeds the pursuit of criminal justice, including for the most responsible perpetrators, in accordance with international standards, within a wider victim-centred approach that redresses legacies of serious human rights violations through truth-seeking, reparation, memorialization, vetting of the security sector, and other measures that will guarantee non-recurrence. Such a process will support social cohesion, national healing, and community reconciliation.

OHCHR recommends further independent and impartial investigations of violations and abuses that have occurred, including in relation to the protests, with a view to supporting accountability. OHCHR stands ready to continue to provide continuing support and technical assistance to Bangladesh, including to facilitate follow-up to and implementation of this report's recommendations.

OHCHR's findings and recommendations are based on more than 230 in-depth interviews conducted in Bangladesh and online with victims and other witnesses. A further 36 interviews were conducted with Government, security sector and political party officials, including many former and current senior officials with direct knowledge of relevant events. Findings were corroborated with authenticated videos and photos, medical forensic analysis and weapons analysis, and other information. OHCHR has made findings to the extent that there are reasonable grounds to believe that an incident or pattern of conduct occurred. This standard of proof is lower than the standard required to establish individual guilt in criminal proceedings but warrants further criminal investigations by the competent authorities.

নির্বাহী সারাংশ

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাই কমিশনারের কার্যালয় (ওএইচসিএইচআর) বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের আমন্ত্রণে ২০২৪ সালের ১ জুলাই থেকে ১৫ আগস্ট সময়কালে আন্দোলনে ঘটে যাওয়া মানবাধিকার লঙ্ঘন এবং এর ফলাফল নিয়ে একটি স্বাধীন তদন্ত কার্যক্রম পরিচালনা করেছে। প্রাপ্ত সকল তথ্যের পুঙ্খানুপুঙ্খ এবং স্বাধীন বিশ্লেষণ করে ওএইচসিএইচআর তৎকালীন সরকার, এর নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থা এবং আওয়ামী লীগের সহিংস অঙ্গসংগঠনগুলোর ক্ষেত্রে পদ্ধতিগতভাবে গুরুতর মানবাধিকার লঙ্ঘনে জড়িত থাকার বিষয়ে "বিশ্বাস করার যথাযথ ভিত্তি" খুঁজে পেয়েছে। এসব মানবাধিকার লঙ্ঘনের মধ্যে রয়েছে—শত শত বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, হাজার হাজার বিক্ষোভকারীর ওপর সহিংস হামলা, নির্বিচার গণগ্রেপ্তার, কারাবাস, নির্যাতন এবং আরও অনেক ধরনের নিপীড়ন। ওএইচসিএইচআর-এর নিকট এমনটা বিশ্বাস করার যথাযথ ভিত্তি রয়েছে যে, আন্দোলন এবং ভিন্নমত দমনের কৌশল হিসেবে রাজনৈতিক নেতৃবৃন্দ ও উচ্চপদস্থ নিরাপত্তা কর্মকর্তাদের জ্ঞাতসারে, সমন্বয়ে ও দিক-নির্দেশনাতেই এসব মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটেছে। এসব গুরুতর মানবাধিকার লঙ্ঘন আন্তর্জাতিক ফৌজদারি আইনের দৃষ্টিকোণ থেকে উদ্বেগজনক। তাই কোন মাত্রায় মানবতাবিরোধী অপরাধ, নির্যাতন (স্বতন্ত্র আন্তর্জাতিক অপরাধ) এবং দেশীয় আইনানুসারে গুরুতর অপরাধ সংঘটিত হয়েছে—সেগুলো মূল্যায়নের জন্য অধিকতর ফৌজদারি তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে।

সরকারি চাকরিতে মুক্তিযোদ্ধাদের পরবর্তী প্রজন্মের জন্য ৩০ শতাংশ কোটা পুনর্বহাল নিয়ে ২০২৪ সালের ৫ জুন হাইকোর্টের রায় ছিল এই আন্দোলনের তাৎক্ষণিক ভিত্তি। তবে এর বাইরেও সমাজের বিভিন্ন স্তরের মানুষের মধ্যে গভীর ক্ষোভ বিদ্যমান ছিল। এই ক্ষোভের মূলে ছিল—রাজনীতি ও শাসনব্যবস্থার অনিয়ম ও দুর্নীতি, যা নিরাময়ে সরকার শুধু ব্যর্থই হয়নি, বরং এটি ক্রমবর্ধমান অর্থনৈতিক বৈষম্য এবং মৌলিক অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার হরণকে তীব্রতর করে তুলেছিল। ফলে সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক খাতে দৃশ্যমান সংস্কারের দাবিতে নারী ও শিশুসহ দেশের হাজার হাজার মানুষ বিভিন্ন পেশাগত, ধর্মীয় এবং সামাজিক পটভূমি থেকে এই আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। জনসাধারণের ক্রমবর্ধমান ক্ষোভ দমন এবং ক্ষমতা ধরে রাখতে তদানীন্তন সরকার আন্দোলন দমনে ক্রমশ সহিংস পন্থা অবলম্বন করে।

জুলাই মাসের মাঝামাঝি সময় থেকে তৎকালীন সরকার এবং আওয়ামী লীগ একের পর এক সশস্ত্র কুশীলবদের মাঠে নামিয়েছে। বিক্ষোভ দমনের প্রথম পদক্ষেপ হিসেবে সরকারের মন্ত্রীসহ আওয়ামী

সঙ্গে একযোগে কাজ করে মন্ত্রণালয়ের আদেশ বাস্তবায়ন করে, যার অংশ হিসেবে নির্দিষ্ট সময় ও এলাকায় ইন্টারনেট সংযোগ বন্ধ করা হয়—যাতে আন্দোলনকারীরা ইলেকট্রনিক যোগাযোগব্যবস্থা ব্যবহার করে নিজেদের কার্যক্রম সংগঠিত করতে না পারেন এবং ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যমের মাধ্যমে চলমান মানবাধিকার লঙ্ঘনের মাত্রা ও ব্যাপকতা জনসাধারণের সামনে তুলে ধরা ও প্রচার করা সম্ভব না হয়। পাশাপাশি ডিজিএফআই, এনএসআই এবং র‍্যাব গণমাধ্যমকে এই গণবিক্ষোভ এবং সহিংসভাবে এসব বাহিনীগুলো কর্তৃক বিক্ষোভ দমন সম্পর্কে বস্তুনিষ্ঠ ও পূর্ণাঙ্গ প্রতিবেদন না করার বিষয়ে চাপপ্রয়োগ করেছে। ডিজিএফআই পুলিশের সাথে মিলিতভাবে ভুক্তভোগী, তাদের পরিবার এবং আইনজীবীদেরকে চুপ থাকার জন্য ভীতি প্রদর্শন করেছে।

অভ্যন্তরীণ সূত্র এবং ঘটনার সঙ্গে জড়িত ঊর্ধ্বতন সরকারি কর্মকর্তাদের সাক্ষ্য থেকে ওএইচসিএইচআর প্রমাণ পেয়েছে যে—পুলিশ, আধাসামরিক বাহিনী, সামরিক বাহিনী, গোয়েন্দা সংস্থাসমূহ এবং আওয়ামী লীগের অঙ্গসংগঠনগুলো যে সমন্বিত ও পদ্ধতিগত মানবাধিকার লঙ্ঘন এবং নিপীড়ন চালিয়েছে, তা রাজনৈতিক নেতৃত্বের সম্পূর্ণ জ্ঞাতসারে, সমন্বয়ে ও দিক-নির্দেশনায় পরিচালিত হয়েছে। তৎকালীন প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থাগুলোর কাজে সমন্বয় সাধন করেন। উভয়েই বিভিন্ন সোর্স থেকে মাঠের অবস্থা সম্পর্কে নিয়মিত রিপোর্ট পেতেন। ঊর্ধ্বতন কর্মকর্তাদের সাক্ষ্য অনুসারে—২১ জুলাই এবং আগস্টের প্রথম দিকে প্রধানমন্ত্রীর কাছে সরবরাহকৃত প্রতিবেদনগুলোতে মাত্রাতিরিক্ত বলপ্রয়োগের বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছিল।

বাংলাদেশের রাজনৈতিক নেতৃবৃন্দ, পুলিশ এবং সেনাবাহিনী—সকল নেতৃত্বই বিভিন্ন স্থান পরিদর্শনে গিয়েছিলেন, যা তাদেরকে সেসব জায়গায় সংঘটিত বা চলমান মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে সরাসরি অবগত করেছে। এছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ বিজিবি, র‍্যাব, ডিজিএফআই, বাংলাদেশ পুলিশ এবং এর গোয়েন্দা শাখাকে দমন অভিযান পরিচালনার অনুমোদন দিয়ে বিভিন্ন দিক-নির্দেশনা জারি করেছিল। এসব অভিযানে বিক্ষোভকারী ও অন্যান্য বেসামরিক নাগরিকদের বিরুদ্ধে গুরুতর মানবাধিকার লঙ্ঘন—যেমন বিচারবহির্ভূত হত্যা ও নির্বিচারে গ্রেফতারের ঘটনা ঘটে।

২০২৪ সালের আগস্টের শুরুতে তৎকালীন সরকার ক্রমাগত দেশের নিয়ন্ত্রণ হারাতে শুরু করলে বিক্ষুব্ধ জনতা আওয়ামী লীগ নেতা, প্রমাণিত বা সন্দেহভাজন আওয়ামী লীগ সমর্থক, আওয়ামী লীগ অনুসারী পুলিশ এবং মিডিয়াকে লক্ষ্যবস্তু করে প্রতিশোধমূলক হত্যাকাণ্ড ও অন্যান্য প্রতিশোধমূলক হামলা শুরু করে। আন্দোলন চলাকালীন এবং এর পরপর হিন্দু ধর্মাবলম্বী, আহমাদিয়া সম্প্রদায় এবং পার্বত্য চট্টগ্রাম এলাকার সংখ্যালঘু নৃগোষ্ঠী বিক্ষুব্ধ জনতার আক্রমণের শিকার হয়। এসব ঘটনায় অনেক বসতবাড়িতে অগ্নিসংযোগ এবং কিছু উপাসনালয়ে হামলার ঘটনাও ঘটে।[১] নানাবিধ এবং অনেক ক্ষেত্রে পরস্পর সংযুক্ত একাধিক কারণ এসব আক্রমণকে উসকে দিয়েছে; যেমন—ধর্মীয় ও জাতিগত বিদ্বেষ, সংখ্যালঘুদের মধ্যে আওয়ামী লীগ সমর্থকদের বিরুদ্ধে প্রতিশোধ নেওয়ার সুযোগ, জমিজমা সংক্রান্ত বিরোধ, স্থানীয় সাম্প্রদায়িক বিরোধ, এবং এমনকি নিজেদের ব্যক্তিগত দ্বন্দ্বও। কিছু জামায়াতে ইসলামী এবং বিএনপি সমর্থক, সদস্য ও

স্থানীয় নেতারা এই প্রতিশোধমূলক হামলা এবং বিভিন্ন ধর্মীয় ও আদিবাসী গোষ্ঠীর ওপর হামলায় জড়িত ছিল বলে জানা যায়। তবে ওএইচসিএইচআর-এর কাছে থাকা তথ্যে এটা প্রমাণিত হয়নি যে—এসব ঘটনা দলগুলোর জাতীয় নেতৃত্বের পরিকল্পনায় বা দিক-নির্দেশনায় সংঘটিত হয়েছে; বরং তারা সকলেই সংখ্যালঘু গোষ্ঠীগুলোর প্রতি সহিংসতার নিন্দা জানিয়েছিল।

২০২৪ সালের ৫ আগস্ট পর্যন্ত নিরাপত্তা বাহিনী বা আওয়ামী লীগ সমর্থকদের দ্বারা সংঘটিত গুরুতর মানবাধিকার লঙ্ঘন ও নিপীড়নের বিষয়ে তৎকালীন সরকার তদন্ত কিংবা জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কোনো কার্যকর উদ্যোগ গ্রহণ করেনি। তৎকালীন সরকারের পতনের পর বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার গুরুতর মানবাধিকার লঙ্ঘন ও নিপীড়নের জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে। এসব পদক্ষেপের ভেতর রয়েছে বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (ICT) এবং সাধারণ আদালতে অভিযুক্ত উচ্চপদস্থ কর্মকর্তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা। এই প্রচেষ্টাগুলো আইনশৃঙ্খলা ও বিচার বিভাগের পূর্বেকার কাঠামোগত ত্রুটি, পুলিশি অসদাচরণ (যেমন—গণমামলার আসামিদের বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ), অভিযুক্ত কিছু নিরাপত্তা কর্মকর্তা কর্তৃক—যারা অভিযুক্ত হওয়া সত্ত্বেও তাদের পদে বহাল রয়েছেন—ক্রমাগত ভয়ভীতি প্রদর্শন ও প্রমাণ নষ্টের চেষ্টার কারণে বিভিন্ন মাত্রায় বাধাগ্রস্ত হচ্ছে। এছাড়াও আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল ও অন্যান্য আদালতের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ নিয়ে উদ্বেগ রয়েছে। অন্তর্বর্তীকালীন সরকার ধর্মীয় ও আদিবাসী গোষ্ঠীর ওপর হামলার সাথে জড়িত ১০০ জনকে গ্রেপ্তারের কথা জানালেও প্রতিশোধমূলক হামলা ও বিভিন্ন গোষ্ঠীর ওপর হামলার জন্য দায়ী অনেক অপরাধী এখনও ধরাছোঁয়ার বাইরে রয়ে গেছে।

সরকারি ও বেসরকারি সূত্র থেকে পাওয়া মৃতের সংখ্যার নথিপত্র এবং অন্যান্য প্রমাণের ভিত্তিতে ওএইচসিএইচআর ধারণা করছে যে—এই আন্দোলনে প্রায় ১,৪০০ মানুষ নিহত হয়েছে। নিহতদের অধিকাংশই বাংলাদেশি নিরাপত্তা বাহিনীগুলোর ব্যবহৃত মিলিটারি রাইফেলের গুলি এবং শটগানের প্রাণঘাতী ধাতব ছররার আঘাতে মৃত্যুবরণ করেছেন। আরও হাজার হাজার মানুষ জীবনকে চিরতরে পালটে দেওয়ার মতো গুরুতর আঘাত পেয়েছেন। ওএইচসিএইচআর-কে পুলিশ এবং র‍্যাবের সরবরাহকৃত তথ্য অনুযায়ী, ১১,৭০০ জনেরও বেশি মানুষকে গ্রেপ্তার করে কারাগারে পাঠানো হয়েছিল।

হতাহতের পরিসংখ্যান মোতাবেক, নিহতদের মধ্যে প্রায় ১২-১৩ শতাংশই শিশু। পুলিশ ও অন্যান্য নিরাপত্তা বাহিনী শিশুদেরও লক্ষ্যবস্তু বানিয়েছে এবং তারা হত্যাকাণ্ড, পঙ্গুত্ব, নির্বিচার গ্রেপ্তার, অস্বাস্থ্যকর পরিবেশে আটক, নির্যাতন ও অন্যান্য নিপীড়নের শিকার হয়েছে। বিক্ষোভের শুরু থেকেই সামনের সারিতে অংশগ্রহণ করার কারণে নারী ও যুবতিরা নিরাপত্তা বাহিনী এবং আওয়ামী লীগ সমর্থকদের হামলার শিকার হয়েছে। তারা বিশেষভাবে যৌন এবং লিঙ্গভিত্তিক সহিংসতার শিকার হয়েছে—যেমন শারীরিক আঘাত, ধর্ষণের হুমকি এবং আওয়ামী লীগ সমর্থকদের মাধ্যমে যৌন নিপীড়নের প্রমাণও পাওয়া গিয়েছে। এছাড়াও ওএইচসিএইচআর প্রতিহিংসামূলক ধর্ষণ এবং

যৌন নিপীড়নের হুমকি বিষয়ক অসংখ্য প্রতিবেদন পেয়েছে। বাংলাদেশের সামাজিক ও সাংস্কৃতিক সংবেদনশীলতার পরিপ্রেক্ষিতে যৌন ও লিঙ্গভিত্তিক সহিংসতার অভিযোগের মাত্রা অত্যন্ত নিম্ন হওয়ায় ওএইচসিএইচআর মনে করছে যে—তারা যৌন নিপীড়নের পূর্ণাঙ্গ মাত্রা নথিভুক্ত করতে সক্ষম হয়নি এবং এই ভুক্তভোগীদের প্রয়োজনীয় সহায়তার জন্য এসব ঘটনার ব্যাপ্তি ও প্রভাব উদ্ঘাটনে আরও গভীর অনুসন্ধানের প্রয়োজন।

এই ধরনের মানবাধিকার লঙ্ঘন সম্ভব ও তীব্রতর হয়েছে পুরোনো ও অপ্রাসঙ্গিক আইন ও নীতিমালা, দুর্নীতিগ্রস্ত প্রশাসনিক কাঠামো এবং আইনের শাসনের অবক্ষয় কারণে; এবং এগুলো একইসাথে বিক্ষোভকারীদের বিরুদ্ধে অতিরিক্ত বলপ্রয়োগ, পুলিশের সামরিকীকরণ, নিরাপত্তা ও বিচার বিভাগের রাজনীতিকরণ ও প্রাতিষ্ঠানিক দায়মুক্তির সুযোগ তৈরি করেছে। পূর্বতন সরকার শান্তিপূর্ণ নাগরিক ও রাজনৈতিক ভিন্নমত দমন করতে এই বিস্তৃত আইনি ও প্রাতিষ্ঠানিক কাঠামোর ওপর নির্ভর করে এবং একে আরও বিস্তৃত করে। সরকার-বিরোধীদের মধ্যে কেউ কেউ বিশৃঙ্খল এবং কারও কারও ক্ষেত্রে সহিংস প্রতিবাদে জড়িয়ে পড়ার পিছনে এই বিষয়টিও ছিল একটি কারণ।

ওএইচসিএইচআর-এর অনুসন্ধানের আওতাভুক্ত সময়কালে সংঘটিত মানবাধিকার লঙ্ঘন ও নিপীড়নের মাত্রা ও তীব্রতা, এবং এসবের অন্তর্নিহিত কারণ—যুগপৎভাবে তাৎক্ষণিক পদক্ষেপ ও দীর্ঘমেয়াদি সংস্কারের প্রয়োজনীয়তা তুলে ধরে, যাতে একই ধরনের গুরুতর মানবাধিকার লঙ্ঘনের পুনরাবৃত্তি না ঘটে। এই লক্ষ্যেই ওএইচসিএইচআর এই প্রতিবেদনে একটি সুপারিশমালা উপস্থাপন করেছে, যার মধ্যে রয়েছে: নিরাপত্তা ও বিচার খাতের সংস্কার, একাধিক দমনমূলক আইন ও নীতিমালা বাতিল, আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ড অনুযায়ী অন্যান্য আইনের সংশোধন, প্রাতিষ্ঠানিক ও প্রশাসনিক সংস্কার, এবং রাজনৈতিক প্রক্রিয়া ও অর্থনৈতিক ব্যবস্থাপনায় এমন পরিবর্তন—যা বৈষম্য দূর করতে, অন্তর্ভুক্তিমূলক ব্যবস্থা গড়ে তুলতে এবং বাংলাদেশের সকল মানুষের মানবাধিকারের প্রতি শ্রদ্ধা ও সুরক্ষা নিশ্চিত করতে সহায়ক হবে।

অনুরূপ সমান গুরুত্বপূর্ণ হলো সুষম ও স্বাধীন ন্যায়বিচার এবং জবাবদিহিতা নিশ্চিতকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা এবং ভুক্তভোগীদের জন্য বৃহত্তর প্রতিকারের ব্যবস্থা করা, যা চূড়ান্তভাবে জাতীয় নিরাময়ে সহায়ক হবে। প্রাথমিক পদক্ষেপ হিসেবে ওএইচসিএইচআর একটি অন্তর্ভুক্তিমূলক জাতীয় সংলাপ ও পরামর্শ প্রক্রিয়া শুরু করার সুপারিশ করছে, যার মাধ্যমে একটি সামগ্রিক, অন্তর্ভুক্তিমূলক ও প্রেক্ষাপট-ভিত্তিক সংকট-উত্তর ন্যায়বিচার-ব্যবস্থা গড়ে তোলা সম্ভব হবে। এই ব্যবস্থায় আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী গুরুতর অপরাধের জন্য দায়ীদের বিচার নিশ্চিত করার পাশাপাশি, একটি ভুক্তভোগী-কেন্দ্রিক পদ্ধতির মাধ্যমে অতীতের গুরুতর মানবাধিকার লঙ্ঘনের প্রতিকার নিশ্চিত করতে হবে। এই পদ্ধতির অংশ হিসেবে সত্য উদ্ঘাটন, ক্ষতিপূরণ, স্মৃতি সংরক্ষণ, নিরাপত্তা খাতের যাচাই-বাছাইসহ অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে—যাতে ভবিষ্যতে এ ধরনের লঙ্ঘনের পুনরাবৃত্তি রোধ করা যায়। এমন একটি প্রক্রিয়া সামাজিক সংহতি, জাতীয় নিরাময় এবং সাম্প্রদায়িক পুনর্মিলনে সহায়ক ভূমিকা রাখবে।

ওএইচসিএইচআর জবাবদিহিতা নিশ্চিত করতে আন্দোলনসহ অন্যান্য ঘটনায় সংঘটিত মানবাধিকার লঙ্ঘন ও নিপীড়ন সম্পর্কে আরও স্বাধীন ও নিরপেক্ষ তদন্তের সুপারিশ করছে। এই প্রতিবেদনের সুপারিশসমূহ অনুসরণ ও বাস্তবায়ন সহজতর করতে বাংলাদেশকে লাগাতার সমর্থন ও প্রযুক্তিগত সহযোগিতা প্রদানে ওএইচসিএইচআর প্রস্তুত রয়েছে।

ওএইচসিএইচআর-এর প্রতিবেদন ও সুপারিশগুলো ২৩০টিরও বেশি বিস্তারিত সাক্ষাৎকারের ভিত্তিতে তৈরি করা হয়েছে। এই সাক্ষাৎকারগুলো সরাসরি এবং অনলাইনে ভুক্তভোগী ও অন্যান্য সাক্ষীদের থেকে গ্রহণ করা হয়েছে। এছাড়াও সরকার, নিরাপত্তা বিভাগ ও রাজনৈতিক দলের কর্মকর্তাদের ৩৬টি সাক্ষাৎকার নেওয়া হয়েছে। এই সাক্ষাৎকারে অংশগ্রহণকারীদের মধ্যে অনেকেই প্রাসঙ্গিক ঘটনাগুলো সম্পর্কে সরাসরি জ্ঞাত বর্তমান ও সাবেক উচ্চপদস্থ কর্মকর্তা এই প্রতিবেদনের তথ্যগুলো প্রামাণ্য ভিডিও, স্থিরচিত্র, ফরেনসিক বিশ্লেষণ, অস্ত্র বিশ্লেষণ ও সম্পূরক তথ্যের মাধ্যমে যাচাই করা হয়েছে। অনুসন্ধানে পাওয়া তথ্যপ্রমাণের আলোকে ওএইচসিএইচআর মনে করে—মানবাধিকার লঙ্ঘন ও নিপীড়নের ঘটনা বা ধারার (pattern) বাস্তবতা বিশ্বাস করার যথাযথ ভিত্তি রয়েছে। এসব তথ্যপ্রমাণের মান ফৌজদারি মামলায় কাউকে অভিযুক্ত করতে প্রয়োজনীয় মানদণ্ডের চেয়ে কম হলেও, এগুলো সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আরও ফৌজদারি তদন্তের প্রয়োজনীয়তা নির্দেশ করে।

সূচিপত্র

ভূমিকা ২৭

অনুবাদকের কথা ২৯

সম্পাদকের কথা ৩০

প্রথম অধ্যায়

পরিচিতি (Introduction) ৩১

দ্বিতীয় অধ্যায়

তথ্য-অনুসন্ধান পদ্ধতি, সত্যতার মানদণ্ড এবং প্রয়োগকৃত আন্তর্জাতিক আইন (Methodology, Standard of Proof and International Law Applied) ... ৩৪

তৃতীয় অধ্যায়

প্রাসঙ্গিক পর্যালোচনা: দমন-পীড়নের তীব্রতা (Contextual Overview: An Escalation of Repression) ৪১

১. দ্বিমেরু রাজনীতি, দুর্নীতি এবং অর্থনৈতিক বৈষম্য (Binary politics, corruption and economic inequalities) ৪৩

২. ছাত্র আন্দোলনে ভীতিপ্রদর্শন ও আন্দোলন ভন্ডুল করার সরকারি প্রচেষ্টা (Government attempts to intimidate and delegitimize the student protest movement) ... ৪৭

৩. ছাত্রলীগ, পুলিশ এবং আধা-সামরিক বাহিনী মোতায়েন (Mobilization of Chhatra League, Police and paramilitary forces) ৫০

৪. কমপ্লিট শাটডাউন, গণবিক্ষোভ ও সহিংস অস্থিরতা (Complete shutdown campaign, generalization of protests and violent unrest) ৫৬

৫. আন্দোলনের তীব্রতা হ্রাস এবং গণগ্রেপ্তার অভিযান (Ebbing of protests and mass arrest campaign) ৫৯

৬. নবোদ্যমে গণবিক্ষোভ এবং শেখ হাসিনার পলায়ন (Renewed mass protests forcing Sheikh Hasina's departure) ৬১

চতুর্থ অধ্যায়

রাষ্ট্রীয় বাহিনী কর্তৃক সংঘটিত হত্যাকাণ্ড এবং আন্দোলন সংশ্লিষ্ট অন্যান্য আহত ও নিহতের হিসাব (Estimate of protest-related deaths and injuries, including killings by state forces) ৬৪

পঞ্চম অধ্যায়

আন্দোলন চলাকালীন মানবাধিকার লঙ্ঘন ও নিপীড়ন (Violations and abuses during the protests) ৬৯

১. সশস্ত্র আওয়ামী লীগ কর্মীদের উসকানিমূলক সহিংসতা (Incited violence by armed Awami League supporters) ৭৫

   ক. বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও ক্যাম্পাসের আশপাশে ছাত্রলীগের হামলা (Chhatra League attacks on and around university premises)

   খ. পুলিশ ও সশস্ত্র আওয়ামী লীগ কর্মীদের সমন্বিত হামলা (Coordinated attacks by armed Awami League supporters and the Police)

২. পুলিশ, র‍্যাব ও বিজিবির অতিরিক্ত বলপ্রয়োগ এবং বিচারবহির্ভূত হত্যাকাণ্ড (Use of force violations by Police, RAB and BGB, including extrajudicial killings) ৮৮

   ক. শান্তিপূর্ণ সমাবেশের অধিকার হরণ করতে আগ্নেয়াস্ত্র ব্যবহারসহ অবৈধ বলপ্রয়োগ (Unlawful force, including firearms, to suppress the right of peaceful assembly)

   খ. সহিংস অস্থিরতার জবাবে মাত্রাতিরিক্ত ও নির্বিচার আগ্নেয়াস্ত্র ব্যবহার (Disproportionate and indiscriminate use of firearms in response to violent unrest)

গ. বিক্ষোভের চূড়ান্ত পর্যায়ে বেআইনি শক্তিপ্রয়োগ (Unlawful force in the final stages of the protests)

৩. বেআইনি বলপ্রয়োগের ঘটনায় সেনাবাহিনীর সম্পৃক্ততা (Involvement of the Army in use of force violations) ১০৬

৪. হেলিকপ্টার ব্যবহার করে ভীতিপ্রদর্শন এবং সম্ভাব্য বেআইনি বলপ্রয়োগ (Use of helicopters to intimidate and deploy possibly unlawful force) ১১২

৫. চিকিৎসাসেবায় প্রতিবন্ধকতা ও প্রয়োজনীয় চিকিৎসা নথিপত্র অস্বীকার (Obstruction of medical care and denial of necessary medical documentation) ১১৫

৬. বেআইনি গণগ্রেফতার, বিচারবহির্ভূত আটক, নির্যাতন ও নিপীড়ন (Mass arbitrary arrests, detention without due process, and torture and ill-treatment) ...১২১

ক. ব্লক রেইড ও গণগ্রেফতার (Block raids and mass arrests)

খ. আহতদের নির্বিচার গ্রেফতার (Arbitrary arrests of injured persons)

গ. সুনির্দিষ্টভাবে শিক্ষার্থী ও বিরোধী দলীয় নেতাদের নির্বিচার গ্রেফতার (Arbitrary arrests targeting student and opposition leaders)

ঘ. নির্যাতন, নিপীড়ন এবং অমানবিক পরিবেশে আটক (Torture, ill-treatment and inhumane conditions in detention)

৭. সাংবাদিকদের ওপর হামলা ও ভয়ভীতি প্রদর্শন (Intimidation and attacks on journalists) ১৪০

৮. যথাযথ প্রক্রিয়া ছাড়াই বেআইনিভাবে ইন্টারনেট শাটডাউন (Unjustified Internet shutdowns, lacking due process) ১৪৪

৯. নারী ও কিশোরী আন্দোলনকারীদের ওপর সংঘটিত মানবাধিকার লঙ্ঘন ও নিপীড়ন (Violations and abuses targeting women and girls protesting) ১৫০

১০. শিশুদের ওপর সংঘটিত মানবাধিকার লঙ্ঘন ও নিপীড়ন (Violations and abuses against children) ১৫৩

ষষ্ঠ অধ্যায়

আন্দোলন পরবর্তী সময়ে সংঘটিত মানবাধিকার লঙ্ঘন ও নিপীড়ন (Violations and abuses in the aftermath of the protests) ১৯১

১. পুলিশ, আওয়ামী লীগ এবং গণমাধ্যমের ওপর প্রতিশোধমূলক সহিংসতা (Revenge abuses targeting police, Awami League and the media) ১৯২

২. ভিন্ন ধর্মাবলম্বী ও আদিবাসী গোষ্ঠীর ওপর নিপীড়ন (Abuses against members of distinct religious and indigenous groups) ২০২

ক. হিন্দু ধর্মাবলম্বীদের বসতি, ব্যবসা প্রতিষ্ঠান ও উপাসনালয়ে হামলা এবং উচ্ছেদ (Attacks on Hindu homes, businesses and places of worship, and related displacement) ২০৪

খ. আহমাদিয়া সম্প্রদায়ের ওপর হামলা (Attacks on Ahmadiyya Muslims) ২০৭

গ. পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে নিপীড়ন (Abuses in the Chittagong Hill Tracts) ২০৮

ঘ. মন্দির, মসজিদ, মাজার এবং অন্যান্য উপাসনালয়ে হামলা (Attacks on temples, mosques, shrines and other places of worship) ২১০

ঙ. যৌন সহিংসতার অভিযোগ (Allegations of sexual violence) ২১১

সপ্তম অধ্যায়

জবাবদিহিতা প্রচেষ্টা (Accountability Efforts) ২১৩

১. ৫ আগস্ট অবধি সত্যিকারের কোনো জবাবদিহিতা প্রচেষ্টা ছিল না (No genuine accountability efforts up to ৫ August) ২১৫

২. অন্তর্বর্তীকালীন সরকারের চলমান জবাবদিহি প্রচেষ্টা (Ongoing accountability efforts of the Interim Government) ২১৯

অষ্টম অধ্যায়

আন্তর্জাতিক আইন লঙ্ঘন এবং মানবাধিকার লঙ্ঘনের দায়-সংক্রান্ত অনুসন্ধানের ফলাফল (Findings on Responsibilities for Violations of International Law and Human Rights Abuses) ২৩১

১. পূর্বতন সরকার এবং আওয়ামী লীগ (Former Government and Awami League) ২৩৩

ক. ছাত্রলীগ এবং আওয়ামী লীগের অন্যান্য সমর্থক (Chhatra League and other Awami League supporters) ২৩৪

খ. বাংলাদেশ পুলিশ, র‍্যাব, বিজিবি এবং আনসার/ভিডিপি (Bangladesh Police, RAB, BGB and Ansar/VDP) ২৩৫

গ. বাংলাদেশ সেনাবাহিনী (Bangladesh Army) ২৩৭

ঘ. গোয়েন্দা সংস্থা এবং বিশেষায়িত পুলিশ ইউনিট (Intelligence agencies and specialised Police branches) ২৩৮

ঙ. রাজনৈতিক নেতৃবৃন্দ (Political leadership) ২৪০

চ. মানবতাবিরোধী অপরাধের বিষয়ে অধিকতর ফৌজদারি তদন্তের প্রয়োজনীয়তা (Further criminal investigations into crimes against humanity warranted) ২৪৬

ছ. আন্দোলন, অন্যান্য রাজনৈতিক দল এবং সাধারণ জনগণ (Protest movement, other political parties and members of the general public) ২৫২

I. বিএনপি ও জামায়াতে ইসলামী নেতৃবৃন্দ (BNP and Jamaat-e-Islami leadership) ২৫৩

II. ছাত্রনেতৃত্ব (Student leaders) ২৫৫

III. অন্তর্বর্তীকালীন সরকার (Interim Government) ২৫৬

নবম অধ্যায়

মূল কারণসমূহ নিরসনের মাধ্যমে দমন-পীড়নের পুনরাবৃত্তি রোধ (Preventing Recurrence of Repression by Addressing Root Causes) ২৫৯

ক. আন্দোলন দমনে অতিরিক্ত বলপ্রয়োগের সুযোগ করে দেওয়া পুরোনো ও অপ্রাসঙ্গিক আইন (Outdated laws enabling the use of disproportionate force against protesters) ২৬১

খ. নিরাপত্তা খাতের রাজনীতিকরণ (Politicization of the security sector) ১৬৩

গ. প্রাতিষ্ঠানিক দায়মুক্তি এবং রাজনৈতিকভাবে নিয়ন্ত্রিত বিচারব্যবস্থা (Institutionalized impunity and a politically pliant justice sector) ২৬৪

ঘ. নাগরিক পরিসর রুদ্ধকরণ এবং দমনমূলক আইনি কাঠামো (Stifling of civic space and repressive legal framework) ২৬৯

৬. আইন এবং চর্চায় কাঠামোগত বৈষম্য (Structural discrimination in law and in practice) ২৭১

দশম অধ্যায়

সুপারিশমালা (Recommendations) ২৭৪

১. জবাবদিহিতা ও বিচারিক খাত (Accountability and justice sector) ২৭৫

২. পুলিশ ও নিরাপত্তা খাত (Police and security sector) ২৮০

৩. নাগরিক পরিসর (Civic space) ২৮৫

৪. রাজনৈতিক ব্যবস্থা (Political System) ২৮৮

৫. অর্থনৈতিক শাসন (Economic Governance) ২৮৯

পরিশিষ্ট (Annex : ১) ২৯৩

পরিশিষ্ট (Annex : ২) ৩০৩

পরিশিষ্ট (Annex : ৩) ৩০৭

পরিশিষ্ট (Annex : ৪) ৩১৫

পরিশিষ্ট (Annex : ৫) ৩১৬

পরিশিষ্ট (Annex : ৬) ৩১৮

স্থিরচিত্র (Images) ৩১৯

Endnotes (তথ্যসূত্র) ৩৩৫

ভূমিকা

নতুন বাংলাদেশ বিনির্মাণে এবং ফ্যাসিবাদ উৎখাতে আত্মোৎসর্গকারী শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা ও তাদের আত্মার মাগফিরাত কামনা করি।

সময়ে সাহসী সন্তানেরা তাদের জীবন বিকিয়ে দিয়ে আমাদের জন্য যে পথ রচনা করে গেছেন, সে পথ আমরা কখনো ভুলে যেতে পারি না। আমাদের প্রার্থনা, আমাদের মোনাজাতে, আমরা প্রতিনিয়ত তাদের স্মরণ করি—তাদের আত্মত্যাগকে হৃদয়ে ধারণ করি।

২০২৪ সালের সেই নির্মম জুলাইয়ে যারা উৎসবের পরিবর্তে শোকের মাতম করেছে, যাদের ঘরে ঈদের খুশি বা পূজার আনন্দ ফিরে আসেনি, আমরা তাদের পাশে আছি। ইনসাফের যে লড়াই আমরা লড়ে যাচ্ছি—তা তাদের পক্ষেই, তাদের স্বপ্নের জন্যই।

গত সতেরো বছর ধরে যে দুঃশাসনের করাল গ্রাসে বাংলাদেশ ছিল, তা কেবল একটি রাজনৈতিক দুঃসময় ছিল না। এটি ছিল অস্তিত্ব সংকট। খুনী হাসিনার নেতৃত্বে কায়েম হওয়া ফ্যাসিবাদী শাসনব্যবস্থা আমাদের কণ্ঠস্বর কেড়ে নিয়েছিলো। মতপ্রকাশের অধিকার, রাজনৈতিক মতাদর্শের স্বাধীনতা, একটি গণতান্ত্রিক রাষ্ট্র কাঠামোর মৌলিক ভিত্তিগুলো—সবকিছুই নিঃশেষ করে দিয়েছিল এই দুঃশাসন।

এই সময়কালে মানুষ শুধু রাজনৈতিক নিপীড়নের শিকার হয়নি, বরং তাদের মানবিক মর্যাদাটুকুও ভুলুণ্ঠিত হয়েছিল। গোটা দেশ যেন এক অদৃশ্য জেলখানায় রূপান্তরিত হয়েছিল। কিন্তু জুলাই আমাদের সেই বন্দিদশা থেকে মুক্তির আলো দেখিয়েছে।

এই মুক্তির সংগ্রাম সহজ ছিল না। ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল সম্প্রদায়ের মানুষ—হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিস্টান, আদিবাসী ও অন্যান্য জাতিগোষ্ঠী—এই আন্দোলনে এক কাতারে দাঁড়িয়েছিল। জুলাইয়ের সংগ্রাম ছিল একটি সর্বজনীন জনজাগরণ, একটি জাতিগত আত্মমর্যাদার পুনরুদ্ধারের আন্দোলন। শহীদ হয়েছেন দুই হাজারেরও বেশি মানুষ; পঙ্গুত্ব বরণ করেছেন ত্রিশ হাজারের অধিক যোদ্ধা। এই রক্ত ও আত্মত্যাগই আমাদের দাঁড় করিয়েছে আজকের এই সন্ধিক্ষণে, যেখানে আমরা আবার স্বপ্ন দেখতে শিখছি—একটি সুস্থ, মানবিক, ন্যায়ভিত্তিক রাষ্ট্রের।

আমরা শপথ করি—শহীদদের রক্ত বৃথা যেতে দিব না। যারা ফ্যাসিবাদের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন, তারা যে ফায়সালা দিয়ে গেছেন, সেই রায়ই আমাদের পথনির্দেশক। যারা বেঁচে আছেন, তারা আজ ঐক্যবদ্ধভাবে ইনসাফ প্রতিষ্ঠার লড়াইয়ে অটল রয়েছেন।

ইনকিলাব মঞ্চ আজ শুধু একটি আন্দোলনের নাম নয়; এটি একটি সাংস্কৃতিক বিপ্লবের প্ল্যাটফর্ম। ইনকিলাব মঞ্চ জুলাইকে বাঁচিয়ে রাখতে নানান সাংস্কৃতিক উদ্যোগ গ্রহণ করেছে। সেইসূত্রে ইন্তিফাদা বুকস এর উদ্যোগে জুলাই নিয়ে প্রকাশিত জাতিসংঘের তদন্ত কমিটির রিপোর্টের সাবলীল অনুবাদ মূল টেক্সটসহ প্রকাশে সহযোগী হিসেবে কাজ করছে। ইতোপূর্বে 'জুলাইয়ের চিহ্ন' নামে ধারাবাহিক অ্যালবাম প্রকাশের ঘোষণা দিয়েছে, এবং তারই ধারাবাহিকতায় বিগত '২৫ বইমেলায় 'জুলাইয়ের গ্রাফিতি ও গাইলসমগ্র' প্রকাশ করেছে।

এই সবকিছুই আমাদের চেতনার অংশ—জুলাইকে আমরা শুধু স্মরণ করি না, আমরা তাকে ধারণ করি, লালন করি এবং ভবিষ্যতের জন্য সংরক্ষণ করি।

আজ আমরা যারা বেঁচে আছি, আমাদের দায়িত্ব শহীদদের স্বপ্নের রাষ্ট্র বাস্তবায়ন করা। একটি ইনসাফভিত্তিক, ফ্যাসিবাদমুক্ত, মানবিক বাংলাদেশ গড়ে তোলা— যেখানে কেউ আর নিপীড়নের শিকার হবে না, মতপ্রকাশের অপরাধে জীবন দিতে হবে না, কেউ আর রাষ্ট্রযন্ত্রের ভয়ে আত্মগোপনে থাকবে না।

নতুন বাংলাদেশে ফ্যাসিবাদ যেন আর কখনো ফিরে না আসে—এই হোক আমাদের সকলের দৃঢ় প্রতিজ্ঞা।

শরিফ ওসমান হাদি

মুখপাত্র, ইনকিলাব মঞ্চ

অনুবাদকের কথা

২০২৪ সালের জুলাই ও আগস্ট মাসে সারা দেশে যে আন্দোলন, গ্রেপ্তার, গুম, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড এবং মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটেছে, তা আমাদের জাতীয় ইতিহাসে একটি গভীর ক্ষত হয়ে থাকবে। এসব ঘটনা আন্তর্জাতিক পর্যায়েও গুরুতর উদ্বেগ তৈরি করেছে। জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের দপ্তর (OHCHR) এসব ঘটনার তদন্ত করে যে বিশ্লেষণধর্মী ও তথ্যনির্ভর প্রতিবেদন প্রকাশ করেছে, তা বর্তমান সময়ের এক গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক দলিল হিসেবে মূল্যায়নের যোগ্য।

মূল ইংরেজি প্রতিবেদনটি বাংলা ভাষাভাষী পাঠকের কাছে বোধগম্য, সঠিক ও প্রাঞ্জলভাবে তুলে ধরার উদ্দেশ্যেই এই অনুবাদ প্রয়াস। এখানে আমি যথাসম্ভব শব্দহুবহু অনুবাদ বজায় রাখার চেষ্টা করেছি, যাতে লেখাটির মূল বক্তব্য ও নিরপেক্ষতা অক্ষুণ্ন থাকে। তবে একটি প্রামাণ্য দলিল হিসেবে অনুবাদ কখনোই মূলের বিকল্প নয়। তাই কলেবর বড় হওয়া সত্ত্বেও অনুবাদের সাথে মূল টেক্সট রাখা হয়েছে।

এই অনুবাদ সাধারণ কোনো তথ্যভিত্তিক অনুবাদ নয়—এটি আমাদের সময়ের এক অন্ধকার অধ্যায়ের দলিল, যা ভবিষ্যতের পাঠকের কাছে সত্যের সাক্ষ্য হয়ে থাকবে। আমি বিশ্বাস করি, এই অনুবাদ পাঠকের চিন্তাকে উদ্বুদ্ধ করবে এবং মানবাধিকার রক্ষার প্রশ্নে আমাদের আরও সচেতন করে তুলবে।

প্রতিবেদন অনুবাদের পুরো যাত্রায় আমার পাশে ছিলেন লেখক, অনুবাদক ও সম্পাদক রাকিবুল হাসান ভাই। তার সতর্ক দৃষ্টি, লেখার প্রতি যত্নশীলতা এবং সুস্পষ্ট দিক-নির্দেশনা বইটির মান উন্নয়নে অসামান্য ভূমিকা রেখেছে। প্রতিটি অধ্যায়ের গঠন, ভাষার গাঁথুনি এবং বিষয়বস্তুর ভারসাম্য রক্ষায় তাঁর অবদান অনস্বীকার্য।

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি—যিনি শুরু থেকেই এই কাজের প্রতি আস্থা রেখেছেন, নানাভাবে সমর্থন দিয়েছেন এবং উৎসাহ যুগিয়েছেন—তাঁর অবদানও আমার নিকট অতুলনীয়। তার ধৈর্য ও অনুপ্রেরণা বইটি আলোর মুখ দেখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

এই দুইজন মানুষের নিঃস্বার্থ সহযোগিতা ও অন্তরিকতার জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।

সর্বোপরি বইটি প্রকাশ করছে ফাউন্টেন পাবলিকেশন্স এর অঙ্গ-প্রতিষ্ঠান ইন্তিফাদা বুকস, যার জন্মই হয়েছে জুলাই ২৪ গণঅভ্যুত্থানের পর জুলাইয়ের চেতনাকে ধারণ করার মধ্য দিয়ে, এজন্য প্রকাশক আবদুর রহমান আদ দাখিলের প্রতিও আমার অশেষ কৃতজ্ঞতা।

বিনীত

ডা. আবু বকর সিদ্দীক

সম্পাদকের কথা

অনুবাদক যখন ফাইলটা দিয়ে বলল—দেখে দিন, আমি তখন নিজের লেখালেখির বাইরে সবকিছু থেকে দূরে থাকার সিদ্ধান্ত নিয়েছি। কিন্তু জুলাই-আগস্টে এই দেশের অতিক্ষুদ্র একটা অংশ যে অকল্পনীয় গণহত্যা চালাল, জাতিসংঘের বরাতে দেশবাসীকে সেই গণহত্যার সংবাদ তুলে ধরার সুযোগটা হাতছাড়া করতে মন সায় দিচ্ছিল না। ফলে রাজি হয়ে গেলাম।

আবার ফরমায়েশ এল—সম্পাদকের কথা হিসেবে দু'চার লাইন লিখে দিতে।

এই জীবনে আমি হাজারো পৃষ্ঠা লেখেছি। কিন্তু এই মুহূর্তে মাথা পুরোপুরি ফাঁকা! কী লেখব? কীভাবে লেখব? আওয়ামী জাহিলিয়াত কি আদৌ ভাষায় প্রকাশযোগ্য?

দেড় দশকেরও বেশি সময় ধরে এই দেশের মানুষকে আওয়ামী ফ্যাসিবাদ যে অবস্থায় রেখেছিল, একে কী নামে ডাকা যায়? আওয়ামী উপনিবেশ? ভারতীয় উপনিবেশের আওয়ামী এক্সটেনশন? বাংলাদেশের অন্ধকার যুগ?

গোটা দেশটাই তো একটা আয়নাঘর ছিল। পরম করুনাময় আল্লাহ আমাদেরকে সেই অবস্থা থেকে মুক্তি দিয়েছেন—একদল মুক্তিকামী অদম্য শহিদের রক্তের বিনিময়ে।

এই মুক্তি যারা এনে দিয়েছে, জুলাই-আগস্টে যারা আমি এবং আমার মত আরও ১৮ কোটি মানুষের মুক্তির জন্য যারা আত্মহুতি দিয়েছে, তাদেরকে আল্লাহ জান্নাতুল ফিরদাউসের সর্বোচ্চ স্তরে অধিষ্ঠিত করুন।

আমাদের মুক্তি দীর্ঘায়িত করুন।

এই দেশ ও দেশবাসীকে অনাগত ফ্যাসিবাদের কবল থেকে মুক্ত রাখুন।

রাকিবুল হাসান
৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রথম অধ্যায়

পরিচিতি (Introduction)

1. The United Nations High Commissioner for Human Rights, Volker Türk, first proposed a fact-finding mission in a letter sent on 23 July to then Prime Minister Sheikh Hasina at the height of the crisis but received no positive response to that invitation. On 14 August 2024, Dr Mohammed Yunus, Chief Advisor of the Interim Government, requested OHCHR to conduct a fact-finding in a call with the High Commissioner and thereupon extended a formal invitation by letter dated 28 August 2024. Accordingly, and further to the terms of reference agreed with the Interim Government[2] the High Commissioner deployed a team of OHCHR staff to Bangladesh to conduct an independent and impartial fact-finding into alleged human rights violations and abuses that occurred in the context of the protests that took place between July and August 2024.

১. সংকটের চূড়ান্ত পর্যায়ে ২০২৪ সালের ২৩ জুলাই জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাই কমিশনার ফলকার টুর্ক তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে পাঠানো এক চিঠিতে একটি তথ্য-অনুসন্ধান মিশন প্রস্তাব করেন। তবে এই প্রস্তাবে কোনো ইতিবাচক সাড়া পাওয়া যায়নি। পরবর্তীকালে ১৪ আগস্ট ২০২৪ তারিখে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ইউনুস হাই কমিশনারের সঙ্গে এক ফোনালাপে ওএইচসিএইচআর-কে তথ্য-অনুসন্ধান পরিচালনার অনুরোধ জানান এবং ২৮ আগস্ট ২০২৪ তারিখে চিঠির মাধ্যমে আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান। তদানুযায়ী এবং অন্তর্বর্তী সরকারের সঙ্গে সম্মত কার্যপরিধির ভিত্তিতে[২] হাই কমিশনার একটি স্বাধীন ও নিরপেক্ষ তথ্য-অনুসন্ধান পরিচালনার জন্য ওএইচসিএইচআর-এর একটি দলকে বাংলাদেশে প্রেরণ করেন, যা ২০২৪ সালের জুলাই ও আগস্ট মাসে অনুষ্ঠিত আন্দোলনের প্রেক্ষাপটে সংঘটিত মানবাধিকার লঙ্ঘন ও নিপীড়নের অভিযোগ তদন্ত করে।

2. In accordance with the terms of reference, OHCHR's fact-finding focused on human rights violations and abuses that occurred between 1 July and 15 August,

দ্বিতীয় অধ্যায়

তথ্য-অনুসন্ধান পদ্ধতি, সত্যতার মানদণ্ড এবং প্রয়োগকৃত আন্তর্জাতিক আইন

(Methodology, Standard of Proof and International Law Applied)

5. This report is principally based on more than 230 confidential in-depth interviews, which OHCHR's fact-finding team conducted in Bangladesh and online, with victims, witnesses, student and other protest leaders, human rights defenders, university professors, journalists and other civil society representatives, medical professionals, lawyers, businesspeople, and various other experts and persons of relevance. Among the witnesses and victims are 35 women, two non-binary people and 10 children.

৫. এই প্রতিবেদনটি মূলত ২৩০টিরও বেশি গোপন বিস্তৃত সাক্ষাৎকারের ভিত্তিতে তৈরি করা হয়েছে। সরাসরি বাংলাদেশে এবং কোনো কোনো ক্ষেত্রে অনলাইনে ওএইচসিএইচআর-এর তথ্য-অনুসন্ধানী দলকে দেওয়া এই সাক্ষাৎকারদাতাদের মধ্যে রয়েছেন—ভুক্তভোগী, প্রত্যক্ষদর্শী আন্দোলনের ছাত্রনেতৃত্ব ও অন্যান্য নেতৃবৃন্দ, মানবাধিকার কর্মী, বিশ্ববিদ্যালয় শিক্ষক, সাংবাদিক ও অন্যান্য নাগরিক সমাজের প্রতিনিধি, চিকিৎসক, আইনজীবী, ব্যবসায়ী এবং বিভিন্ন বিশেষজ্ঞ ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। প্রত্যক্ষদর্শী ও ভুক্তভোগীদের মাঝে ৩৫ জন নারী, দুইজন নন-বাইনারি ব্যক্তি এবং ১০ জন শিশু রয়েছেন।

6. In 11 medical facilities, OHCHR's forensic physician conferred with doctors, examined 29 victims and reviewed, with consent, 153 medical case files, including images of injuries. OHCHR's weapons expert corroborated information on the use of different types of firearms, less-lethal weapons and ammunition based on analysis of videos, photos and ammunition remnants provided to OHCHR. Furthermore, OHCHR preserved and reviewed thousands of original videos and

সপ্তম অধ্যায়

জবাবদিহিতা প্রচেষ্টা (Accountability Efforts)

243. In accordance with the terms of reference agreed with the Interim Government,[423] OHCHR also assessed accountability efforts thus far to address serious human rights violations and abuses.

২৪৩. অন্তর্বর্তীকালীন সরকারের সাথে সম্মত কার্যপরিধির শর্তাবলি অনুযায়ী,[৪২৩] ওএইচসিএইচআর গুরুতর মানবাধিকার লঙ্ঘন ও নির্যাতনের বিরুদ্ধে এখন পর্যন্ত গৃহীত জবাবদিহিমূলক প্রচেষ্টাগুলোর মূল্যায়নও করেছে।

244. In line with international human rights law, Bangladesh is under an obligation to provide effective remedies for the serious human rights violations attributable to the State, including by ensuring criminal accountability, providing prompt, adequate and effective reparation to victims of state violations and ensuring that such violations will not recur. Extrajudicial killings, other unlawful taking of life, torture, sexual violence and other serious human rights violations and abuses must be subject to independent, impartial, prompt, thorough, effective, credible, and transparent investigation capable of leading to the prosecution of identified perpetrators. Such investigations must be initiated irrespective of whether the victim or their family issued a complaint (ex officio). Whenever state officials use firearms or cause death or serious injury in a law enforcement situation, this must also be duly investigated ex officio, irrespective of whether unlawfulness of conduct is specifically alleged.[424]

২৪৪. আন্তর্জাতিক মানবাধিকার আইনের আলোকে রাষ্ট্র কর্তৃক গুরুতর মানবাধিকার লঙ্ঘনের কার্যকর প্রতিকার নিশ্চিত করতে বাংলাদেশের বাধ্যবাধকতা রয়েছে। এসবের মধ্যে রয়েছে— অপরাধীদের জবাবদিহিতা নিশ্চিত করা; ভুক্তভোগীদের দ্রুত, যথাযথ ও কার্যকর ক্ষতিপূরণ দেওয়া